



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১



Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/বগুড়া-১৫১/ ৩১০৭/৬

তারিখ: ১১, পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
৩১, ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: এডহক কমিটি বাতিলকরণ প্রসঙ্গে

- সূত্র:
- ১) নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২০১১৯৩২২১/নথি নং-১৫১/৩৫৮০; তারিখ: ১০/১১/২০২০ খ্রি.
 - ২) উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৫০.১০৮৫.০০০.১১.০২২.২০-৯২০; তারিখ: ২৫/১১/২০২০ খ্রি.
 - ৩) নং-বামাশিবো/প্রশাসন/বগুড়া-১৫১/৩৫৯৫/৩; তারিখ: ০৯/১২/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন জয়ন্তিবাড়ী দারুল হদা বালিকা দাখিল মাদ্রাসায় এডহক কমিটির ০৪ জন সদস্যর মধ্যে ০২ জন সদস্য (অভিভাবক এবং সাধারণ শিক্ষক সদস্য) পদত্যাগ করছেন মর্মে সুপার জনাব নজরুল ইসলাম অত্র বোর্ডে একটি অভিযোগে দাখিল করেছেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়াকে পত্র দেয়া হয়।


তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ২নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন। তিনি উল্লেখ করেন- বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন জয়ন্তিবাড়ী দারুল হদা বালিকা দাখিল মাদ্রাসার বর্তমান এডহক কমিটির অভিভাবক সদস্য জনাব মো: মাসুদ রানা এবং শিক্ষক প্রতিনিধি জনাব মো: শাহীনুর ইসলাম কমিটি হতে গত ১০/১০/২০২০ খ্রি. তারিখে পদত্যাগের বিষয়টি তদন্তে সত্য বলে প্রতীয়মান হয়েছে।

পরবর্তীতে এডহক কমিটির ০৪ (চার) জন সদস্যর মধ্যে ০২ (দুই) জন সদস্য পদত্যাগ করায় এবং তদন্তকারী কর্মকর্তার মতামতের প্রেক্ষিতে অভিযোগের সত্যতা প্রমাণিত হওয়ায় কেন উক্ত অনুমোদিত এডহক কমিটি ভেঙ্গে দেয়া হবে না সে বিষয়ের সন্তোষজনক জবাব প্রেরণের জন্য সূত্রোক্ত ৩নং স্মারকে মাদ্রাসা প্রধানকে কারণ দর্শানোর পত্র দেয়া হয়। কারণ দর্শানোর পত্রের আলোকে দেখা যায়, এডহক কমিটি ভেঙ্গে দেয়ার জন্য মাদ্রাসা প্রধান অনুরোধ করেছেন।

বর্ণিত অবস্থায়, মাদ্রাসা প্রধানের কারণ দর্শানোর জবাব এবং তদন্তকারী কর্মকর্তার মতামতের প্রেক্ষিতে অভিযোগের সত্যতা প্রমাণিত হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/ ২৩১২০১১৯৩২২১/৩০১৭৫/নথি নং-১৫১; তারিখ: ১৪/০৯/২০২০ খ্রি. স্মারকে অনুমোদিত এডহক কমিটি এতদ্বারা বাতিল করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সুপার/ভারপ্রাপ্ত সুপার
জয়ন্তিবাড়ী দারুল হদা বালিকা দাখিল মাদ্রাসা
ডাকঘর: কামারপাড়া, উপজেলা: শাজাহানপুর, জেলা: বগুড়া।


তারিখ: ৩০/১২/২০২০
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪


ই-মেইল: dradmin@bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশাসন/বগুড়া-১৫১/

তারিখ: পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বগুড়া;
২. জেলা শিক্ষা অফিসার, বগুড়া;
৩. উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাজাহানপুর, বগুড়া;
৫. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।


তারিখ: ৩০/১২/২০২০
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd